

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৩টি প্রতিষ্ঠানকে ১.১৫ লক্ষ টাকা জরিমানা

১৯ জুলাই ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর ও রংপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে খাজা বেকারীকে ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা ও খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে বিসমিল্লাহ বেকারীকে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকাসহ মোট ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে রংপুরের বুড়িহাট এলাকায় মুন্সী বেকারীকে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ২টি বাজার তদারকিতে ৩টি প্রতিষ্ঠানকে মোট ১,১৫,০০০/- (এক লক্ষ পনের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ৪ জুলাই ২০১৬ তারিখে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের হালিশহর ও বন্দর থানায় ৫টি প্রতিষ্ঠানকে ৩৪,০০০/- (চৌত্রিশ হাজার) টাকা জরিমানার আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ এবং স্যানিটারী ইন্সপেক্টর এদুটি তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম ও রংপুর মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম ও রংপুর।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম ও রংপুর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।